

66

দৈনিক ইত্তেফাক

110 AUG 1997
তারিখ:
পৃষ্ঠা: ৬ কলাম: ৫

বৃটেনের এ লেভেল বাংলা ভাষা অভিজ্ঞতা প্রশ্নে মতবিনিময়

শিক্ষামন্ত্রী এ এইচ কে সাদেক লণ্ডন সফরকালে গত বুধবার আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক বৃটিশ সেক্রেটারী অব স্টেট মি: ক্রেয়ার সর্ট এম পি-এর সাথে দেখা করেন। উভয় মন্ত্রী দুই দেশের শিক্ষা ব্যবস্থার বিভিন্ন বিষয়ে মত বিনিময় করেন। বাংলাদেশের শিক্ষামন্ত্রী বৃটেনে বসবাসকারী বাঙ্গালীদের এ-লেভেল মানে বাংলা ভাষা পরীক্ষা বিষয়ে বৃটিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ (৫ম পৃ: ড্র:)

বৃটেনে 'এ' লেভেল (৩য় পৃ: পর)

করেন। শিক্ষামন্ত্রী বৃটেনে এ-লেভেল পরীক্ষায় বাংলা ভাষা বিষয় পুনরায় অন্তর্ভুক্ত করার অনুরোধ জানাইলে বৃটিশ মন্ত্রী তাহা ইতিবাচক দৃষ্টিকোণ হইতে বিবেচনা করার আশ্বাস দেন। বৃটেনে সম্প্রতি এ-লেভেল পরীক্ষায় বাংলা ভাষা বিষয় বাদ দেওয়া হয়। তাহারা বাংলাদেশের প্রাথমিক শিক্ষা ও বয়স্ক শিক্ষায় বৃটিশ সহায়তার বিষয়ে মত বিনিময় করেন। ইহার আগে শিক্ষা মন্ত্রী সাদেক লণ্ডনে বসবাসরত বাঙ্গালীদের সাথে এক বৈঠকে মিলিত হন এবং স্থানীয় বাঙ্গালী ছাত্রদের বিভিন্ন শিক্ষা সমস্যা বিষয়ে অবহিত হন।
—তথ্য বিবরণী